গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জোনাল সেটেলমেন্ট অফিসারের কার্যালয়
রংপুর।
www.zso.rangpur.gov.bd

স্মারক নং: ৩১.০৩.০০০০.৭২৫.৩২.০০১.২১-১৫৬০ তারিখঃ ০২/ ১১/২০২৬ খ্রিষ্টাব্দ।

সার্ভে সহায়ক (মৌসুমী কর্মচারী) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ১১/১০/২০২৬খ্রিঃ তারিখের ৩১.০৩.০০০০.০০৩.১০.০৪৬.২৩.৩৫২/১(২৬) নং স্মারকের প্রশাসনিক ও আর্থিক মঞ্জুরীর প্রেক্ষিতে অধিদপ্তরের ১৯/০৪/২০১০ খ্রিঃ তারিখের ভূঃরেঃ/১৭৯/২০০৮/৯৫২ নং স্মারকে জারীকৃত সার্ভে সহায়ক নিয়োগের নীতিমালা অনুযায়ী জোনাল সেটেলমেন্ট অফিস, রংপুর এর অধীনে গোবিন্দগঞ্জ উপজেলার ০৩টি মৌজার (শ্যামপুর পার্বতীপুর/২২৭, পার সোনাইডাঙ্গা/৩০৪, বালুয়া/৩০৫) ডিজিটাল জরিপে ২০২৬-২৭ মাঠ মৌসুমে খানাপুরি কাম বুঝারত এর কাজ সুষ্ঠুভাবে সম্পন্নকরণের লক্ষ্যে বিধি মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১/১১/২০২৬ খ্রিঃ হতে ৩০/০৪/২০২৭ খ্রিঃ পর্যন্ত (সর্বোচ্চ ৬ মাসের জন্য) সার্ভে সহায়ক (মৌসুমী কর্মচারী) নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থীদের **১১/১১/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায়** অত্রাফিসে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.zso.rangpur.gov.bd এই ওয়েব সাইটে পাওয়া যাবে।

পদ সংখ্যা-২০ (বিশ) জন।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১।	সার্ভে সহায়ক (মৌসুমী কর্মচারী)	২০ (বিশ) জন	পূর্বে সার্ভে সহায়ক হিসেবে কাজ করার অভিজ্ঞতা (পূর্বের নিয়োগপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে)

শর্তাবলীঃ-

১. প্রার্থীগণকে স্বহস্তে/টাইপকৃত আবেদনে নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ অন্যান্য উপযুক্ততা উল্লেখপূর্বক সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি (সত্যায়িত) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

২. ১৯/০৪/২০১০ খ্রিঃ তারিখের ভূঃরেঃ/১৭৯/২০০৮/৯৫২ নং স্মারকে জারীকৃত সার্ভে সহায়ক নিয়োগের নীতিমালা অনুসরণ করা হবে।

৩. সার্ভে সহায়ক (মৌসুমী কর্মচারী) পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৪. নিয়োগ বর্ষে সার্ভে সহায়ক (মৌসুমী কর্মচারী) কর্মচারীদের বয়সসীমা ৫৯ বছরের উর্ধ্বে হবে না।

৫. নিয়োগপ্রাপ্ত সার্ভে সহায়কগণকে সরকার নির্ধারিত দৈনিক সাময়িক শ্রমিক মজুরির ভিত্তিতে বেতন/ভাতাদি প্রদান করা হবে।

৬. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।

৭. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৮. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

অত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত সকল তথ্য অত্রাফিসের ওয়েবসাইটে (www.zso.rangpur.gov.bd) পাওয়া যাবে।

০২/১১/২৬
(মো: রাশেদুল ইসলাম)
জোনাল সেটেলমেন্ট অফিসার
রংপুর।
☎ :০২৫৮৯৯৬২৬৩৪ (অফিস)

বিতরণঃ
১. নোটিশ বোর্ড- জোনাল সেটেলমেন্ট অফিস, রংপুর।
২. নোটিশ বোর্ড- জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।
৩. নোটিশ বোর্ড- উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. নোটিশ বোর্ড- উপজেলা সেটেলমেন্ট অফিস, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।